



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়




উদ্ভাবনী আইডিয়া সংক্রান্ত সংক্ষিপ্ত বর্ণনা

প্রকল্পের নাম (শিরোনাম)	অটোমেটেড আইডি কার্ড জেনারেশন সফটওয়্যার
সেবার নাম	NSTU ID Card Express
বর্ণনা/ মূল বিষয়বস্তু	নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের আইডি কার্ড প্রদানের প্রক্রিয়াটি সনাতন পদ্ধতিতে সম্পাদন করা হত। সনাতন পদ্ধতিতে শিক্ষার্থীদের আইডি কার্ড প্রদানের প্রক্রিয়াটি সময় সাপেক্ষ (প্রথম সেমিস্টার শুরু হওয়ার পর প্রায় এক সেমিস্টার (আনুমানিক ছয় মাসের বেশি) সময় প্রয়োজন হয়)। সনাতন পদ্ধতিতে সম্পাদিত হওয়ায় শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আইডিকার্ডেও অযাচিত ভুল ও অসম্পূর্ণ তথ্য পাওয়া যেত। উদ্ভাবিত NSTU ID Card Express সফটওয়্যার ব্যবহার করে দ্রুততম সময়ের মধ্যে নির্ভুল, ঝুঁকিমুক্ত এবং স্মার্ট আইডি কার্ড প্রস্তুত করা সম্ভব হবে। উক্ত প্রকল্পটি নোবিপ্রবি অটোমেশন সিস্টেমের একটি অংশ।
উদ্ভাবন বাস্তবায়নের বর্তমান অবস্থা	ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। গত ০৮ ফেব্রুয়ারি, ২০২৪ বিশ্ববিদ্যালয়ের সাইবার সেন্টার আয়োজিত এক অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. দিদার-উল-আলম আনুষ্ঠানিকভাবে NSTU ID Card Express সফটওয়্যার উদ্বোধন করেন। ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীগণের আইডি কার্ড এই সফটওয়্যার এর মাধ্যমে প্রস্তুত করা হয়েছে এবং শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের আইডি কার্ডও এই সফটওয়্যার এর মাধ্যমে প্রস্তুত করা হচ্ছে।
উদ্ভাবনের উপকারিতা	(১) দ্রুততম সময়ে স্মার্ট ও নির্ভুল আইডি কার্ড প্রদান। (২) ভবিষ্যৎ ব্যবহারের জন্য তথ্য সংরক্ষণ। (৩) কর্মঘন্টা সাশ্রয়।

TCV (Time, Cost and Value) বিশ্লেষণ					
প্রকল্পের নাম: অটোমেটেড আইডি কার্ড জেনারেশন সফটওয়্যার					
সেবার নাম: NSTU ID Card Express					
প্রচলিত পদ্ধতিতে সেবা প্রাপ্তির TCV (প্রযোজ্য হলে)			এই প্রকল্পের আওতায় সেবা প্রাপ্তির TCV		
সেবা পেতে কতক্ষণ সময় লাগে?	সেবা পেতে কত টাকা খরচ হয়?	সেবা পেতে কতবার সেবাদানকারীর নিকট যেতে হয়?	সেবা পেতে কতক্ষণ সময় লাগে?	সেবা পেতে কত টাকা খরচ হয়?	সেবা পেতে কতবার সেবাদানকারীর নিকট যেতে হয়?
২০-২৫ মিনিট	শিক্ষার্থী ১০০ টাকা শিক্ষক, কর্মকর্তা- কর্মচারী ২০০ টাকা	৩	২-৩ মিনিট	শিক্ষার্থী ১০০ টাকা শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ২০০ টাকা	০

উদাহরণস্বরূপ, **NSTU ID Card Express** সফটওয়্যার ব্যবহার করে নোবিপ্রবির ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১৪২১ জন শিক্ষার্থী এবং পুনঃভর্তিকৃত শিক্ষার্থী সহ আনুমানিক ১৫০০ জন শিক্ষার্থীর আইডি কার্ড প্রস্তুতকরণের ক্ষেত্রে সময় প্রয়োজন হয়েছে $(১৫০০*৩) = ৪৫০০$ মিনিট (আনুমানিক প্রতি আইডি কার্ড প্রস্তুতকরণের ক্ষেত্রে ৩ মিনিট বিবেচনা করে)। পূর্বতন সনাতন পদ্ধতিতে সময় প্রয়োজন হতো $(১৫০০*২৫) = ৩৭৫০০$ মিনিট (প্রতি আইডি কার্ড প্রস্তুতকরণের ক্ষেত্রে ২৫ মিনিট বিবেচনা করে) অর্থাৎ উদ্ভাবিত সফটওয়্যার ব্যবহার করে মূল্যবান কর্মঘণ্টা সাশ্রয় হয়েছে = $(৩৭৫০০-৪৫০০)$ মিনিট = ৩৩০০০ মিনিট / ৫৫০ ঘণ্টা / ২৩ দিন (দৈনিক ৮ ঘণ্টা কর্মঘণ্টা বিবেচনা করে)।

প্রসেস ম্যাপ



উদ্ভাবক	রনক ভৌমিক, প্রোগ্রামার, সাইবার সেন্টার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	ronokbhowmik@admin.nstu.edu.bd	
তত্ত্বাবধায়ক	এ আর এম মাহমুদুল হাসান রানা, পরিচালক (ভারপ্রাপ্ত), সাইবার সেন্টার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	m.hasan@nstu.edu.bd	
সহ- তত্ত্বাবধায়ক	মো: ইফতেখারুল আলম ইফাত, সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), সাইবার সেন্টার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	iftekhar.iit@nstu.edu.bd	
তথ্য-উপাত্ত প্রদানকারী ও এনালাইজার	মোহাম্মদ মোস্তফা আনোয়ার, সহকারী রেজিস্ট্রার, সাইবার সেন্টার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	anwar@admin.nstu.edu.bd	